তারিখ 25 JAN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

কালের কণ্ঠ

মাদকবিরোধী বিতর্ক

# ঢাকা ক্যান্টনমেন্ট পাবলিক গার্লস কলেজ চ্যাম্পিয়ন

## রানারআপ শহীদ পুলিশ স্মৃতি কলেজ

**নিজস্ব প্রতিবেদক ▷**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, 'তরুণরাই দেশকে এগিয়ে নিয়ে যাবে। এ আস্থা এবং বিশ্বাস আমাদের আছে। স্কাউটদের সমাবেশে প্রধানমন্ত্রীও এ আশাবাদ ব্যক্ত করেছেন। আমরা সতর্ক আছি যেন মাদকের কারণে ঐশীর মতো তরুণদের জন্ম না হতে পারে। তরুণসমাজ যেন সর্বগ্রাসী নেশায় জড়িয়ে না যায়। এই তরুণরাই পারবে মাদকাসক্তিমুক্ত বাংলাদেশের হাল ধরে এগিয়ে নিতে।'

ডিবেট ফর ডেমোক্রেসি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের (ডিএনসি) যৌথ উদ্যোগে মাদকবিরোধী বিতর্ক উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সপ্তাহব্যাপী মাদকবিরোধী বিতর্ক উৎসবের গ্র্যান্ডফাইনাল ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান হয় গতকাল এফডিসিতে।

প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে ঢাকা ক্যান্টনমেন্ট পাবলিক গার্লস কলেজ। এতে শহীদ পুলিশ স্মৃতি কলেজ রানারআপ এবং সাউথ পয়েন্ট কলেজ তৃতীয় স্থান অধিকার করে। সাত দিনব্যাপী প্রতিযোগিতায় অংশ নেয় ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, মোহাম্মদপুর প্রিপারেটরি গার্লস স্কুল অ্যান্ড কলেজ, সেন্ট যোসেফ হায়ার সেকেন্ডারি স্কুল, সাউথ পয়েন্ট কলেজ, ঢাকা কমার্স কলেজ, শহীদ পুলিশ স্মৃতি কলেজ ও ঢাকা ক্যান্টনমেন্ট পাবলিক গার্লস কলেজ।

অনুষ্ঠানের সভাপতি ও ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, 'সমাজ ও রাষ্ট্রে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করার মধ্য দিয়েই মাদককে প্রতিরোধ করতে হবে। আমাদের তরুণদের এই বিপথ থেকে ফিরিয়ে আনতে যুক্তিবাদী সমাজ গড়ে তোলার বিকল্প নেই।'